নভেম্বরে গণভোটসহ ৫ দাবিতে মেহেরপুরে জামায়াতের বিক্ষোভ মিছিল

জুলাই সনদ বাস্তবায়নের আদেশ জারি, নভেম্বরের মধ্যে গণভোট আয়োজনসহ পাঁচ দাবিতে মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে জামায়াতে ইসলামী।

আজ শুক্রবার বিকেল ৪টায় কোর্টচত্বর থেকে শুরু হয়ে মিছিলটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলী বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়। বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা জামায়াতের আমীর তাজ উদ্দিন খান।

বিক্ষোভ মিছিলে জেলা জামায়াতের সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, মেহেরপুর-২ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা শুরা এবং কর্মপরিষদের সদস্য মোহাম্মদ নাজমুল হুদা, গাংনী উপজেলা আমীর ডাক্তার রবিউল ইসলাম, সদর উপজেলা আমীর সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমীর খান জাহান আলী, শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলাম, মুজিবনগর উপজেলা সেক্রেটারি মোঃ খাইরুল বাশার, মেহেরপুর ইসলামী ছাত্রশিবিরের সভাপতি আব্দুস সালাম, মেহেরপুর কানন শিল্পী গোষ্ঠীর পরিচালক আব্দুল জব্বারসহ জামায়াতের বিভিন্ন ইউনিটের সভাপতি, সেক্রেটারিগণ ও অসংখ্য মানুষ এই বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন।

নভেম্বরের মধ্যে গণভোট দিতে হবে

বাংলাদেশ জামায়াতে ইসলামীর ইমারতের নির্বাচন ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। ২০২৬-২৭-২৮ সালের জন্য বাংলাদেশ জামায়াতে ইসলামীর নতুন

আমির নির্বাচিত হয়েছেন ড. শফিকুর রহমান। এটি জামায়াতের সাংগঠনিক নিয়মনীতি অনুযায়ী অনুষ্ঠিত নির্বাচন।

জামায়াতের সেশন শেষ হলে আমাদের নির্বাচন অনুষ্ঠিত হয়, যেখানে নতুন আমির নির্বাচিত হন। নতুন আমির নির্বাচনের পর আমাদের পরবর্তী ধাপ হলো কেন্দ্রীয় মজলিস গঠন যা জামায়াতের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পদ ও স্থান। মজলিস নির্বাচন হওয়ার কারণে আজ আমি মেহেরপুর সফর করেছি।

গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে ৩টার সময় মেহেরপুর শহরের পশুহাটসংলগ্ন চুয়াডাঙ্গা রোডে জেলা জামায়াতে ইসলামীর অফিসে এক সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও অঞ্চল পরিচালক (যশোর-কুষ্টিয়া) মোবারক হোসাইন এসব কথা বলেন।

তিনি আরও বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামি সারা দেশে ৩০০ আসনে নির্বাচনের ঘোষণা দিয়েছে এবং নিরবচ্ছিন্নভাবে আমরা গত কয়েক মাস ধরে জনসাধারণের কাছে আমাদের প্রার্থীদের পরিচয় করিয়ে দেওয়ার চেষ্টা করছি। নির্বাচনী প্রচার ও অভিযান বলতে যা বোঝায়, আমরা সেই অভিযানে লিপ্ত আছি এবং আমাদের প্রার্থীরা ঘরে ঘরে পৌঁছে গেছে। আজ এখানে আমাদের রোকন সম্মেলন অনুষ্ঠিত হয়েছে, যেখানে অনেক সদস্য উপস্থিত ছিলেন। ইতিমধ্যে তারা ঘরে ঘরে প্রার্থীর পরিচিতি ও ভোট দেওয়ার ব্যাপারে নারীদের অবহিত করেছেন। এটি শুধু মেহেরপুর নয়, সারা বাংলাদেশের চিত্র একই। আমরা আশা করি, আগামী নির্বাচন যদি সুন্দর ও সুস্থ পরিবেশে অনুষ্ঠিত হয়, তাহলে ইনশাআল্লাহ বাংলাদেশ জামায়াতে ইসলামি সরকার গঠনের পর্যায়ে যাবে।

গণভোট নভেম্বরে হবে এটি আমরা সরকারের কাছে এবং বাংলাদেশের বেশিরভাগ রাজনৈতিক দল আহ্বান জানিয়েছি। আপনারা জানেন, বিএনপি-সহ অল্প কয়েকটি রাজনৈতিক দল গণভোটের বিপক্ষে। একই দিনে গণভোটের অসুবিধাগুলো জাতির সামনে তুলে ধরেছি। আমরা আশা করেছিলাম, সরকার গণভোটের পক্ষে নভেম্বরে রায় দেবে। কিন্তু এখন আমরা দেখলাম, প্রধান উপদেষ্টা ড. ইউনুস গণভোট এবং নির্বাচন একই দিনে করার কথা বলেছেন। আমরা জরুরি ভিত্তিতে আমাদের কেন্দ্রীয় নির্বাহী পরিষদের বৈঠক আহ্বান করব এবং সেই বৈঠকে পর্যালোচনা করে ৮ দলের কমিটির মাধ্যমে সাংবাদিক সম্মেলনে আগামীর পদক্ষেপ জানিয়ে দেব।

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা জামায়াতের আমির মাওলানা তাজউদ্দিন খান, গাংনী-২ আসনের মনোনীত সংসদ সদস্য

প্রার্থী ও জেলা কর্মপরিষদ ও শুরা কমিটির সদস্য নাজমুল হুদা সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন।

নির্বাচনের আগে সরকারকে গণভোট দিতেই হবে

মেহেরপুরে অনুষ্ঠিত জেলা রোকন সম্মেলনে কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মোবারক হোসাইন বলেছেন, নির্বাচনের আগে সরকারকে গণভোট দিতেই হবে।

বৃহস্পতিবার বিকেল সাড়ে ৩টার সময় মেহেরপুর শহরের পশুহাটসংলগ্ন চুয়াডাঙ্গা রোডে জেলা জামায়াতে ইসলামীর অফিসে এ রোকন সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনের সভাপতিত্ব করেন মেহেরপুর (১) আসনের সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা জামায়াতের আমির তাজউদ্দিন খান। প্রধান আলোচক ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও যশোর-কুষ্টিয়া অঞ্চলের পরিচালক মোবারক হোসাইন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন অধ্যাপক আলমগীর বিশ্বাস, যশোর-কুষ্টিয়া অঞ্চল টিম সদস্য, গাংনী (২) আসনের মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও জেলা কর্মপরিষদ ও শুরা কমিটির সদস্য নাজমুল হুদা, জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুবুল আলম, জেলা সেক্রেটারি মো. ইকবাল হোসাইন, জেলা রাজনৈতিক সেক্রেটারি কাজী মাওলানা রুহুল আমিন, সদর উপজেলা আমির সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমির মাওলানা খানজাহান আলী, গাংনী উপজেলা আমির ডা. রবিউল ইসলাম, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলাম এবং মুজিবনগর উপজেলা সেক্রেটারি মো. খাইরুল বাশ।

সম্মেলনে জেলা জামায়াতের রোকন সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।